নীতির প্রশ্নে আপোসহীন দৈনিক জনকণ্ঠ
The Daily Janakantha

২২ অক্টোবর ২০১৯

# নোবিপ্রবি ক্যারিয়ার ক্লাবের উদ্বোধন

নিজস্ব সংবাদদাতা, নোয়াখালী, ২২ অক্টোবর ॥ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) ক্যারিয়ার ক্লাবের উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. মোঃ দিদার-উল-আলম। মঙ্গলবার উপাচার্যের কক্ষে আয়োজিত অনুষ্ঠানে কেক কেটে এর উদ্বোধন ঘোষণা করেন তিনি। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ বাণিজ্য অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ ফারুক উদ্দিন, মাইক্রোবায়োলজি বিভাগের চেয়ারম্যান ড. ফিরোজ আহমেদ, ফ্লিমস বিভাগের সহযোগী অধ্যাপক ড. আবদুল্লাহ আল মামুন, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম বিভাগের প্রভাষক তন্ময় দেয় অপু, প্রভাষক আবদুস সালাম ও সহকারী পুলিশ কমিশনার (ডিএমপি) অহিদুজ্জামান নুর বিপিএম। এ সময় উপাচার্য বলেন, বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে নিজেকে এগিয়ে নিয়ে যেতে হবে, যা শুধু বইয়ের পড়াশোনায় সম্ভব নয়।

লিফলেটসহ দুই জঙ্গী গ্রেফতার

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ গোদাগাড়ীতে উগ্রবাদী বই ও লিফলেটসহ নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন আনসারুল্লাহ বাংলা টিমের দুই সক্রিয় সদস্যকে আটক করেছে র‌্যাব। সোমবার গভীর রাতে গোদাগাড়ী উপজেলার মাটিকাটা আদর্শ ডিগ্রী কলেজের নির্মাণাধীন ভবনের একটি কক্ষ থেকে তাদের আটক করা হয়। আটক দুইজন হলো খুলনার রূপসা উপজেলার দক্ষিণ খাজাডাঙ্গা গ্রামের সোবহান হাওলাদারের ছেলে শহিদুল ইসলাম (৩৯) এবং বাগেরহাটের ফকিরহাট উপজেলার দিয়াপাড়া গ্রামের আবদুর রশিদ মোল্লার ছেলে জুয়েল মোল্লা (২৫)। র‌্যাব রাজশাহীর অধিনায়ক এটিএম মাইনুল ইসলাম জানান, রাতে আনসারুল্লাহ বাংলা টিমের কয়েক সদস্য মাটিকাটা কলেজের নির্মাণাধীন ভবনের একটি কক্ষে বসে গোপন বৈঠক করছিলেন।

SpiceJet Red. Hot. Spicy.
SpiceJet Connects Dhaka-Mumbai
Enjoy best fares & great deals on your Mumbai flight.
SpiceJet
OPEN

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

**কার্যালয়:** জনকন্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,

**ফোন:** ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫

জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

**ই-মেইল:** janakanthanews@gmail.com
**ই-জনকন্ঠ:** www.edailyjanakantha.com

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright ® All rights reserved by dailyjanakantha.com